হে আল্লাহর রাসূল!, আমার প্রচুর পরিমাণ হায়েযের রক্ত আসে। আপনি এ ব্যাপারে কী মতামত দেন? তা আমাকে সালাত ও সাওম থেকে বিরত রাখছে। তখন তিনি বললেন, তুমি তুলার পট্টি ব্যবহার করো। তিনি বললেন, তার পরিমাণ এর চেয়েও অধিক।

হামনা বিনতে জাহাশ রাদিয়াল্লাহু ‘আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, আমার প্রচুর পরিমাণ হায়েযের রক্ত আসে। আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের কাছে বিষয়টি জানাতে এবং জানতে আসলাম। তাঁকে আমি আমার বোন যয়নব বিনতে জাহাশের গৃহে পেলাম। আমি তাকে বললাম হে আল্লাহর রাসূল! আমার প্রচুর পরিমাণ হায়েযের রক্ত আসে। আপনি এ ব্যাপারে কী মতামত দেন? তা আমাকে সালাত ও সাওম থেকে বিরত রাখছে। তখন তিনি বললেন, তুমি তুলার পট্টি ব্যবহার করো, সেটাই রক্ত দূর করে দিবে। হামনা রাদিয়াল্লাহু ‘আনহা বললেন, রক্ত তার চেয়েও অধিক। তিনি বললেন তাহলে একটি কাপড় গ্রহণ কর। তিনি বললেন, রক্ত তার চেয়েও অধিক। আমার সারাক্ষণই রক্ত স্রাব হতে থাকে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আমি তোমাকে দু’টি বিষয়ে নির্দেশ দিব, যেকোনো একটি করলেই অপরটি করার প্রয়োজন হবে না। আর যদি তুমি দু’টিই করতে সক্ষম হও, সে বিষয়ে তুমিই ভালো জান। এটি শয়তানের পদাঘাত ছাড়া আর কিছুই নয়। আল্লাহর ইলমে তুমি প্রতি মাসের ছয় বা সাত দিন হায়েযের মেয়াদ গণ্য করো। অতঃপর তুমি গোসল কর। যখন তুমি দেখবে যে, তুমি পবিত্র হয়ে গেছো এবং পরিষ্কার-পরিচ্ছন্ন হয়েছো তখন মাসে তেইশ অথবা চব্বিশ রাত এবং তার সমপরিমাণ দিনে সালাত আদায় কর, এবং (সময় হলে) সিয়াম রাখ। এটি তোমার জন্য যথেষ্ট হবে। এভাবে তুমি প্রতি মাসে করতে থাক, যেমনিভাবে মহিলাদের মাসিক হয় এবং যেমনিভাবে তারা তাদের মাসিকের সময় ও পবিত্রতার সময় পবিত্র হয়। আর যদি তোমার সামর্থ্য থাকে তুমি যোহরের সালাত বিলম্বে ও আসরের সালাত তাড়াতাড়ি পড়ো এবং এই সালাতদ্বয়ের জন্য একবার গোসল করো এবং দুই সালাত যোহর ও আসর একত্র কর। আর অনুরূপভাবে মাগরিবের সালাত বিলম্বে ও এশার সালাত তাড়াতাড়ি পড়ো এবং এই দু’ সালাতের জন্য একবার গোসল করো এবং
দুই সালাতকে একত্র করলে এটিও করতে পার। আর ফজরের সালাতের সাথে গোসল কর। আর যদি তুমি সাওম পালন করতে সক্ষম হও তবে তা পালন কর। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি
ওয়সাল্লাম বলেন, “এ পন্থাই আমার নিকট অধিক প্রিয়।” [হাসান] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। -
এটি আহমাদ বর্ণনা করেছেন।]

হামনা রাদিয়াল্লাহা ‘আনহার হাদীসের অর্থ: “আমি প্রচুর পরিমাণে ও কঠিনভাবে ঋতুবতী হতাম।” অর্থাৎ তার প্রচুর রক্তক্ষরণ হত এবং দীর্ঘ সময় স্থায়ী হত, আর বের হওয়ার সময় খুব প্রবলভাবে বের হতো। অতঃপর তিনি শর‘ঈ বিধান সম্পর্কে জিজ্ঞাসা করতে এবং তার ওপর করনীয় কী জানতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট আসলেন। “আমি তাকে বললাম হে আল্লাহর রাসূল! আমার প্রচুর পরিমাণ হায়েযের রক্ত আসে। আপনি এ ব্যাপারে কী মতামত দেন? তা আমাকে সালাত ও সাওম থেকে বিরত রাখছে।” অর্থাৎ মাসিকের রক্ত হিসেবে এটি তাকে সালাত ও সাওম পালন থেকে বিরত রাখছে। প্রথম অবস্থায় তার কাছে এমনই মনে হয়েছিল। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্পষ্ট করেন যে, এভাবে নির্গত রক্ত শয়তানের পদাঘাত; এটি মাসিকের রক্ত নয়। তখন তিনি বললেন, তুমি তুলা ব্যবহার করো। যেমন, তুমি লজ্জাস্থানের উপর

إن قَـوِيت فاغتسـلي لكـل صلاة وإلا فـاجْمَعي بيـن الصلاتيـن " :
بغســـــل واحـــــد"

http://sunnah.global/hadeeth/bn/show/10016